# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউণ্ডেশন
সমাজকল্যাণ মন্ত্রণালয়
এ/২, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬
ফ্যাক্সঃ ৮০৩৫০৫৩, ই-মেইলঃ jpuf38@yahoo.com

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ইনোভেশন টিমের প্রথম ত্রৈমাসিক সমন্বয় সভা ৩০ সেপ্টেম্বর ২০১৯ তারিখ বেলা ১১.০০ টায় ফাউন্ডেশনের পরিচালক (পরিঃ ও উন্নয়ন) **জনাব মোঃ হামিদুল হক (উপসচিব)** এর সভাপতিত্বে তাঁর দপ্তর কক্ষে অনুষ্ঠিত হবে। উপস্থিত সদস্যবৃন্দের তালিকা **পরিশিষ্ট-ক তে সংযুক্ত করা হলো।**

০২। সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভার আলোচ্যসূচি অনুসারে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| আলোচ্যবিষয়-১ ঃ ইনোভেশন টীম পুন:গঠন | জনপ্রশাসনে কাজে গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে একটি ইনোভেশন টীম গঠনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ গত ৮ এপ্রিল ২০১৩ তারিখ একটি প্রজ্ঞাপন জারী করে।<br><br>উক্ত প্রজ্ঞাপনে দপ্তর/সংস্থার ক্ষেত্রে পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা ইনোভেশন অফিসার হিসেবে দায়িত্ব পালন করবেন এবং ৩-৫ জন সদস্য থাকবে, যার মধ্যে একজন আইসিটি/পরিকল্পনা সেল হতে মনোনীত হবেন মর্মে উল্লেখ রয়েছে।<br><br>সভায় মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন অনুসারে ইনোভেশন টীম পুন:গঠনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের কর্তৃক গত ৮ এপ্রিল ২০১৩ তারিখ প্রজ্ঞাপন জারীকৃত প্রজ্ঞাপন অনুসারে ইনোভেশন টীম পুন: গঠনের সুপারিশ করা হয়। |
| আলোচ্যবিষয়-২ ঃ ওয়ার্কসপ/সেমিনার আয়োজন | উদ্ভাবন ও সেবা সহজীকরণের জন্য একদিনের কর্মশালা/সেমিনার আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উক্ত কর্মশালা/সেমিনারে ফাউন্ডেশন ও সমাপ্ত উন্নয়ন প্রকল্পের সকল কর্মকর্তা এবং যে সকল প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র হতে এতদসংক্রান্ত প্রস্তাব পাওয়া গেছে তাদের মধ্যে হতে ৮ জন প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা/কনসালট্যান্ট (ফিজিওথেরাপি) বর্নিত কর্মশালায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানোর বিষয়ে আলোচনা করা হয়। | উদ্ভাবন ও সেবা সহজীকরণ বিষয়ে একদিনের কর্মশালা/সেমিনারে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও সমাপ্ত উন্নয়ন প্রকল্পের সকল কর্মকর্তা এবং মাঠ পর্যায়ের প্রত্যেক বিভাগ হতে একজন করে মোট ৮ জন কর্মকর্তা/কনসালট্যান্ট অংশগ্রহণ করবেন, যার মধ্যে ৫ জন প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা ও ৩ তিন কনসালট্যান্ট (ফিজিওথেরাপি) অন্তর্ভূক্ত থাকবেন।<br><br>বর্নিত কর্মশালা/সেমিনারে এটুআই'র ২ জন এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ১ জন অভিজ্ঞ কর্মকর্তাকে রিসোর্স পারসন্স হিসেবে দায়িত্ব প্রদান করা যেতে পারে। |
| আলোচ্যবিষয়-৩ ঃ প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের সিটিজেন চার্টার প্রণয়ন | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের হালনাগাদ সিটিজেন চার্টার এর খসড়া ইতোমধ্যে প্রনয়ন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের জন্য একটি কমন সিটিজেন চার্টার প্রণয়ন বিষয়ে আলোচনা হয়। | প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের জন্য একটি কমন সিটিজেন চার্টার প্রণয়নের সুপারিশ করা হয়। |
| আলোচ্যবিষয়-৪ ঃ অভিযোগ বাক্স স্থাপন | কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরন ও সেবার মান বৃদ্ধির জন্য প্রতিটি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রে অভিযোগ বাক্স স্থাপন করার বিষয়ে আলোচনা করা হয়। প্রাপ্ত অভিযোগসমূহ নিস্পত্তির জন্য অত্র দপ্তরে প্রেরণ করার বিষয়েও আলোচনা হয়। এ ছাড়া অভিযোগসমূহ | প্রতিটি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রে অভিযোগ বাক্স স্থাপন করার সুপারিশ করা হয়। প্রয়োজনে ১০৩টি অভিযোগ বাক্স তৈরী করে প্রতিটি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রে প্রেরণ করা যেতে পারে। এছাড়া |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| | অনলাইনে গ্রহনের বিষয়ে একটি সফওয়ার তৈরীর বিষয়েও আলোচনা হয়। | অনলাইনে অভিযোগ গ্রহণ করার জন্য একটি সফটওয়ার তৈরীর সুপারিশ করা হয়। |
| আলোচ্যবিষয়-৫ ঃ হেল্প ডেস্ক স্থাপন। | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনে একটি হেল্প ডেক্স স্থাপনের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে সমাজসেবা অধিদপ্তরের হেল্প ডেস্কের নমুনা ও কার্যক্রম অনুসরন করার বিষয়ে মত প্রকাশ করা হয়। | একটি হেল্প ডেস্ক জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনে স্থাপনের সুপারিশ করা হয়। |
| আলোচ্যবিষয়-৬ ঃ MIS সিষ্টেম চালুকরণ | প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র কর্তৃক সেবাদান সংক্রান্ত প্রতিবেদন (Automation Report) অনলাইনে সংগ্রহ ও প্রক্রিয়াভূক্ত করনের জন্য একটি অনলাইন সফটওয়ার তৈরীর বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র কর্তৃক সেবাদান সংক্রান্ত প্রতিবেদন (Automation Report) অনলাইনে সংগ্রহ ও প্রক্রিয়াভূক্ত করনের জন্য স্বল্প ব্যয়ে অনলাইন ভিত্তিক সফটওয়ার (MIS সিষ্টেম) তৈরী করার সুপরিশ করা হয়। |

৪। আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০.৯.২০১৯

(মোঃ হামিদুল হক)
(উপসচিব)
পরিচালক (পরিঃ ও উন্নয়ন)

স্মারক নং-৪১.০২.০০০০.২০.২৩..০২৩.২০১৫ (অংশ-১)- ১১০২

১৬ আশ্বিন ১৪২৬
০১ অক্টোবর ২০১৯

**বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।**

১। উপপরিচালক (পরিঃ ও উন্নয়ন), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।
২। সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।
৩। প্রোগ্রামার, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।**

১। ব্যবস্থাপনাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।
২। পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(পরিঃ ও উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।

৩০/৯/১৯

(মোঃ সেলিম হোসেন)
সহকারী পরিচালক (পরিঃ ও উন্নয়ন)